রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, অক্টোবর ১০, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**অপারেশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ অক্টোবর, ২০২২

নং **২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.১৮(অংশ).১২৪**—বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর আওতাধীন ইস্টার্ণ রিফাইনারি লিমিটেড (ইআরএল)-এ ক্রুড অয়েল পরিশোধনকালে উপজাত হিসেবে প্রাপ্ত স্থানীয় ন্যাফথা এবং স্থানীয় বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক (নিজস্ব ব্যবস্থাপনায়/বিপিসি'র মাধ্যমে) আমদানিকৃত ন্যাফথা/কনডেনসেট/ডিজেল রিচড কনডেনসেট/ক্রুড অয়েল/বিটুমিনাস ক্রুড অয়েল হতে উৎপাদিত জ্বালানি তেল (অকটেন, পেট্রোল ও ডিজেল)-এর মূল্য বিপিসি নিম্নোক্ত ফর্মুলা অনুযায়ী নির্ধারণপূর্বক উদ্যোক্তা/কোম্পানিকে প্রদান করিবে।

**মূল্য নির্ধারণী ফর্মুলা:**

(ক) বিপিসি'র আমদানিকৃত/বিএসটিআই কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশনের ডিজেল/অকটেন/পেট্রোলের অনুরূপ গুণগতমান বজায় রাখা সাপেক্ষে বিপিসি'র ডিজেল/অকটেন আমদানি ব্যয় অর্থাৎ পূর্ববর্তী মাসে ডিজেল/অকটেনের গড় প্ল্যাটস রেট (MOPAG), ডিজেল/অকটেনের গড় প্রিমিয়াম, আমদানি শুল্ক, নদী শুল্ক, ব্যাংক চার্জ (এলসি কমিশন), ফিনান্সিং চার্জ এবং অপারেশন লস এর সমষ্টি থেকে ১% কমে মূসক ব্যতীত ডিজেল/অকটেনের সরবরাহ মূল্য নির্ধারিত হইবে। সরবরাহ মূল্যের সাথে প্রযোজ্য হারে মূসক যোগ করে মূসকসহ ডিজেল/অকটেনের ক্রয় মূল্য নির্ধারিত হইবে। তবে এলসি'র মাধ্যমে মূল্য পরিশোধের ক্ষেত্রে উক্ত ফর্মুলায় ব্যাংক চার্জ (এলসি কমিশন) প্রযোজ্য হইবে না।

(খ) পেট্রোলের জন্য প্লাটস (Platts) এ মূল্য তালিকা না থাকায় উক্ত ফর্মুলা অনুযায়ী অকটেনের নিরূপিত সরবরাহ মূল্য হতে লিটার প্রতি ৪.০০ টাকা কমে পেট্রোলের সরবরাহ মূল্য নির্ধারিত হইবে। সরবরাহ মূল্যের সাথে প্রযোজ্য হারে মূসক যোগ করে মূসকসহ পেট্রোলের ক্রয়মূল্য নির্ধারিত হইবে। তবে এলসি'র মাধ্যমে মূল্য পরিশোধের ক্ষেত্রে উক্ত ফর্মুলায় ব্যাংক চার্জ (এলসি কমিশন) প্রযোজ্য হইবে না।

২। প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে উপরোক্ত ফর্মুলা অনুযায়ী ডিজেল/অকটেন/পেট্রোলের মূল্য পুনর্নির্ধারণক্রমে বিপিসি তা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং গেজেটে উল্লিখিত পণ্যসমূহের ক্রয় মূল্য সংক্রান্ত পূর্ববর্তী সকল প্রজ্ঞাপন/আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন**
উপসচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.